গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dghs.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক নং-৪৫.০১.০০০০.০০০.০০৪.১৩.০০০১.২০.৬১-১২১০ তারিখঃ ১৬/১১/২০২৬ইং

বিষয়ঃ স্বাস্থ্য অধিদপ্তরের আওতাধীন চিকিৎসক কর্মকর্তাগনের বদলি/পদায়ন সংক্রান্ত নির্দেশনা প্রসঙ্গে।

এতদ্বারা জানানো যাচ্ছে যে, বিগত ১০-১১-২০২৬ইং তারিখ অনুষ্ঠিত মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে প্রশাসন শাখার সভায় গৃহিত সিদ্ধান্ত মোতাবেক স্বাস্থ্য অধিদপ্তরের আওতাধীন সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবা কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালনার স্বার্থে এবং একই সাথে স্বাস্থ্য অধিদপ্তরের প্রশাসন শাখার কার্যক্রমে গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা আনয়ন কল্পে নিম্নলিখিত নির্দেশনা সমূহ জারী করা যাচ্ছে।

১/ স্বাস্থ্য অধিদপ্তরের আওতাধীন সকল ৬ষ্ঠ গ্রেডের কর্মকর্তা (জুনিয়র কনসালটেন্ট ও সহকারী অধ্যাপক ব্যতীত) ও সকল ৯ম গ্রেডের চিকিৎসক কর্মকর্তাদের জানানো যাচ্ছে যে, এখন থেকে শুধুমাত্র অনলাইনে বদলি/পদায়নের আবেদন গ্রহণ করা হবে, যা অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনলাইনে অগ্রায়ন হয়ে স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখায় অনলাইন মাধ্যমে আসতে হবে। সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে প্রাপ্ত সকল বদলী/পদায়নের অনলাইন আবেদন সমূহ নির্দেশিত সময়ের মধ্যে যৌক্তিক বিবেচনা করত উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর অগ্রায়ন করার জন্য নির্দেশনা দেয়া যাচ্ছে। এই বিজ্ঞপ্তি প্রকাশের পর থেকে কোন ম্যানুয়াল আবেদন, হস্তলিখিত বদলীর আবেদন গ্রহণযোগ্য হবে না।

২/ অদ্যাবধি স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক জারীকৃত আদেশে বদলী/পদায়নকৃত কর্মকর্তা/কর্মচারীগণকে আগামী ৩০/১১/২০২৬ ইং তারিখের মধ্যে আবশ্যিকভাবে বিনা ব্যর্থতায় পূর্বের কর্মস্থল হতে ছাড়পত্র গ্রহণ (মুভ আউট) এবং পদায়নকৃত কর্মস্থলে যোগদান (মুভ-ইন) সম্পন্ন করার জন্য নির্দেশনা জারি করা যাচ্ছে।

৩/ যেসকল কর্মকর্তা অর্জিত ছুটি (সকল প্রকার)/ মাতৃত্বকালীন ছুটি/ বুনিয়াদী প্রশিক্ষণে রয়েছেন তারা ছুটি ভোগ/ বুনিয়াদী প্রশিক্ষণ/ প্রেষণের অনুমোদিত মেয়াদ শেষে ছাড়পত্র গ্রহনপূর্বক পদায়িত কর্মস্থলে যোগদান করবেন।

৪/ যৌক্তিক কারণ ব্যতিত বদলিকৃত কর্মকর্তাকে বর্তমান কর্মস্থল হতে ৭ কর্মদিবস অতিবাহিত হবার পরদিন আবশ্যিক ভাবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে মুভ আউট করার জন্য প্রতিষ্ঠান প্রধানগণের প্রতি নির্দেশনা দেয়া যাচ্ছে। বদলিকৃত কর্মস্থলে যোগদান ও মুভইন-এ প্রশাসনিক কোন সমস্যা থাকলে শুধুমাত্র সেক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অগ্রায়ণ পত্রসহ আবেদন করতে বলা হলো। এ বিষয়ে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তা বিধি মোতাবেক ব্যবস্থা নিবেন।

৫/ সংশ্লিষ্ট বদলী/পদায়ন আদেশ সংক্রান্ত বিষয়ে পুনঃবিবেচনার আবেদন শুধুমাত্র বদলী/ পদায়নকৃত পদে যোগদানের পরেই গ্রহণযোগ্য হবে এবং বদলী/পদায়নকৃত আদেশে শুধুমাত্র তথ্যগত প্রশাসনিক কোন জটিলতা থাকলে যোগদানের পূর্বে স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগের জন্য নির্দেশনা দেয়া হলো।

৬/ শিক্ষা প্রেষণ/ ছুটি শেষে ওএসডি চিকিৎসক কর্মকর্তাদের ৭ কর্মদিবসের মধ্যে যোগদান ও অনলাইনে পদায়নের আবেদন করার জন্য নির্দেশ প্রদান করা যাচ্ছে।

৭/ বদলী/পদায়ন সহ অন্যান্য বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরে আগমনের পূর্বে নিজ কর্মস্থল হতে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের ছুটি/অনুমোদন-পত্র স্বাস্থ্য অধিদপ্তরে প্রয়োজনে প্রদর্শন করতে হবে।

৮/ অনুমোদিত ছুটির পত্র ছাড়া স্বাস্থ্য অধিদপ্তরে আগমন সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা-২০১৯ এর সুস্পষ্ট লঙ্ঘন ও অসদাচরণ বলে বিবেচিত হবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯/ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানদের পদায়িত কর্মকর্তার যোগদান না করার তথ্য, আদেশে উল্লেখিত সময়সীমা অতিবাহিত হবার পরদিন পরিচালক (প্রশাসন) মহোদয়ের ইমেইলে (hrm@ld.dghs.gov.bd) প্রেরণ করার জন্য নির্দেশনা দেয়া হলো।

১০/ স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক জারীকৃত সকল বদলী/পদায়ন আদেশ প্রতিপালনে উপরোক্ত সকল নির্দেশনা প্রযোজ্য হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

Rumi
16.11.26

অধ্যাপক ডা. জালাল উদ্দিন মোহাম্মদ রুমী
পরিচালক (প্রশাসন),
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

স্মারক নং-৪৫.০১.০০০০.০০০.০০৪.১৩.০০০১.২০.৬১-১২১০/১(১১০) তারিখঃ১৬/১১/২০২৬ইং

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মহাপরিচালক,স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃঃ আঃ সহকারী পরিচালক, সমন্বয়)
২) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী , ঢাকা।
৩) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী , ঢাকা।
৪) পরিচালক (সকল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫) অধ্যক্ষ ..... (সকল) মেডিকেল কলেজ সমূহ
৬) পরিচালক .....(সকল), বিশেষায়িত হাসপাতাল ও ইনস্টিটিউটসমূহ
৭) বিভাগীয় পরিচালক .....(সকল), বিভাগীয় স্বাস্থ্য কার্যালয় সমূহ
৮) উপপরিচালক (পার-১/২) (উল্লেখিত পর্যায়ের চিকিৎসক কর্মকর্তাদের বদলী পদায়নের ম্যানুয়াল/ অনলাইন আবেদনের হার্ড কপি দপ্তরে গ্রহন না করার নির্দেশনা সহ)
৯) তত্বাবধায়ক..... (সকল), জেলা সদর হাসপাতাল/আইএইচটি/ম্যাটস সমূহ
১০) সিভিল সার্জন..... (সকল), সিভিল সার্জন কার্যালয় সমূহ
১১) সহকারী পরিচালক (পার-২/৩/৪) (উল্লেখিত পর্যায়ের চিকিৎসক কর্মকর্তাদের বদলী পদায়নের ম্যানুয়াল/ অনলাইন আবেদনের হার্ডকপি দপ্তরে গ্রহন না করার নির্দেশনা সহ)
১২) সিস্টেম এনালিস্ট, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৩) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)
১৪) কর্মকর্তা/কর্মচারী, রিসিভ শাখা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (উল্লেখিত পর্যায়ের চিকিৎসক কর্মকর্তাদের বদলী পদায়নের ম্যানুয়াল/ অনলাইন আবেদনের হার্ডকপি জমা/গ্রহন না করার নির্দেশনা সহ)